# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৫০. নিজকে কিংবা নিজের ধন-সম্পদ ও সন্তানদেরকে অভিশাপ দেয়া

জাবির (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: আমরা একদা রাসূল (সা.) এর সঙ্গে বাত্বনে বুওয়াত্ব নামক যুদ্ধে অংশ গ্রহণ করেছিলাম। যাতে আমরা পালাক্রমে একই উটে পাঁচ, ছয় অথবা সাত জন করে আরোহণ করতাম। এভাবে জনৈক আন্সারী সাহাবীর উটে চড়ার পালা আসলে সে উটটিতে আরোহণ করেই তাকে তাড়া দিলে উটটি থেমে থেমে চলতে লাগলো। তখন সে উটটিকে ধমক দিয়ে আল্লাহ্’র অভিশাপ দিলে রাসূল (সা.) বললেন: কে তার উটের অভিশাপকারী ? লোকটি বললোঃ আমি। তখন রাসূল (সা.) বললেন:

انْزِلْ عَنْهُ ، فَلاَ تَصْحَبْنَا بِمَلْعُوْنٍ ، لاَ تَدْعُوْا عَلَى أَنْفُسِكُمْ ، وَلاَ تَدْعُوْا عَلَى أَوْلاَدِكُمْ ، وَلاَ تَدْعُوْا عَلَى أَمْوَالِكُمْ ، لاَ تُوَافِقُوْا مِنَ اللهِ سَاعَةً يُسْأَلُ فِيْهَا عَطَاءٌ فَيَسْتَجِيْبُ لَكُمْ

“তুমি উটটি থেকে নেমে যাও। অভিশপ্ত উট নিয়ে আমাদের সাথী হয়ো না। তোমরা নিজেদেরকে এবং তোমাদের সন্তান-সন্ততি ও ধন-সম্পদকে বদ্দো’আ দিও না। হয়তো-বা উক্ত বদ্দো’আ এমন এক সময়ে পড়ে বসবে যখন আল্লাহ্ তা’আলার নিকট কিছু চাওয়া হলে আললাহ্ তা’আলা তা দ্রুত কবুল করেন”।[1]

>

ফুটনোট

[1] (মুসলিম, হাদীস ৩০০৯)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11300

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন